Director General
Bangladesh Bureau of Statistics
Statistics and Informatics Division
Ministry of Planning

মহাপরিচালক
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়

উপানুষ্ঠানিক পত্র নং: ৫২.০১.০০০০.৭২২.০০০.১৮.০০০১.২৫.১০৬২

তারিখ: ২৯/০৭/২০২৬

প্রিয় মহোদয়,

আপনি অবগত আছেন যে, পরিকল্পনা মন্ত্রণালয়ের পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগাধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) দেশের জাতীয় পরিসংখ্যান সংস্থা (এনএসও) হিসেবে বিভিন্ন শুমারি ও জরিপ পরিচালনার মাধ্যমে আর্থ-সামাজিক, জনমিতি, কৃষি, শিক্ষা, শিল্প, শ্রম, স্বাস্থ্য, জলবায়ু ও অর্থনীতিসহ বিভিন্ন ক্ষেত্রে সরকারি পরিসংখ্যান প্রণয়ন ও প্রকাশ করে থাকে। বাংলাদেশের সংবিধানের ২৩ক অনুচ্ছেদ অনুযায়ী উপজাতি/ক্ষুদ্র জাতিসত্তা/নৃ-গোষ্ঠী সম্প্রদায় দেশের বৈচিত্র্যময় জনগোষ্ঠীর অবিচ্ছেদ্য অংশ। তাদের নিজস্ব বৈশিষ্ট্যপূর্ণ আঞ্চলিক সংস্কৃতি, ঐতিহ্য, ভাষা ও জীবনধারা রয়েছে। বাংলাদেশে সরকারিভাবে স্বীকৃত ৫০টি ক্ষুদ্র নৃ-গোষ্ঠী জাতিসত্তা রয়েছে। সরকারের নির্বাচনী ইশতেহারে পঞ্চম অংশে ধর্ম, সমাজ, সংস্কৃতি ও জাতীয় সংহতির মধ্যে পাহাড় ও সমতলের "ক্ষুদ্র নৃগোষ্ঠী/Ethnic Communities" কে অগ্রাধিকার দেওয়ার কথা বলা আছে। দেশের উপজাতি/ক্ষুদ্র জাতিসত্তা/নৃ-গোষ্ঠী সম্প্রদায়ের আর্থসামাজিক অবস্থা ও দারিদ্র্য পরিস্থিতি নিরূপণ করার লক্ষ্যে বিবিএস কর্তৃক 'ক্ষুদ্র নৃ-গোষ্ঠী জরিপ ২০২৬' পরিচালনা করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। সে লক্ষ্যে, আগামী ০১-২৫ অক্টোবর, ২০২৬ খ্রি. মোট ২৫ (পঁচিশ) দিনব্যাপী সরাসরি সাক্ষাৎকার পদ্ধতিতে ট্যাবলেট ডিভাইসের মাধ্যমে Computer-Assisted Personal Interviewing (CAPI) প্রযুক্তি ব্যবহার করে দেশব্যাপী ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর ফুল কাউন্ট জরিপের তথ্যসংগ্রহ কার্যক্রম পরিচালনা করা হবে।

০২। দেশের বিভিন্ন সময় অনুষ্ঠিত শুমারি ও জরিপ পরিচালনায় মাঠ প্রশাসন অতীতে যে আন্তরিক সহযোগিতা প্রদান করেছে, সে জন্য আমি আন্তরিকভাবে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করছি। পূর্বের ন্যায় 'ক্ষুদ্র নৃ-গোষ্ঠী জরিপ ২০২৬'-এর তথ্য-উপাত্ত সংগ্রহ কার্যক্রম সুষ্ঠু ও সফলভাবে সম্পাদনের লক্ষ্যে জরিপ কর্মীদের সংশ্লিষ্ট খানায় প্রবেশাধিকার, তথ্য সংগ্রহে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান, মাঠপর্যায়ে জরিপ কর্মীদের নিরাপত্তা নিশ্চিতকরণ এবং সর্বাত্মক প্রশাসনিক সহযোগিতা প্রদানের জন্য আপনার অধীন মাঠ প্রশাসনকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানে আপনার সহযোগিতা প্রয়োজন। আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি, আপনার দিকনির্দেশনা ও সহযোগিতা জেলায় 'ক্ষুদ্র নৃ-গোষ্ঠী জরিপ ২০২৬' সুচারুরূপে বাস্তবায়নে সহায়ক ভূমিকা পালন করবে।

০৩। আগামী ০১-২৫ অক্টোবর, ২০২৬ খ্রি. মোট ২৫ (পঁচিশ) দিনব্যাপী পরিচালিত ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর তথ্যসংগ্রহ কার্যক্রম সুষ্ঠু ও সুচারুরূপে বাস্তবায়নে অর্থাৎ জরিপকর্মীগণকে তথ্যসংগ্রহে আপনার ব্যক্তিগত হস্তক্ষেপ ও আন্তরিক সহযোগিতা কামনা করছি।

শুভেচ্ছান্তে,

২৯/৭/২৬

মোঃ শামীমুল হক

বিভাগীয় কমিশনার
সিলেট।

পরিসংখ্যান ভবন, ই-২৭/এ, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭, ফোন: +৮৮-৫৫০০৭০৫৬, ফ্যাক্স: +৮৮-৫৫০০৭০৬৯, ই-মেইল: dg@bbs.gov.bd, ওয়েবসাইট: www.bbs.gov.bd
Parishankhyan Bhaban, E-27/A, Agargaon, Sher-e-Bangla Nagar, Dhaka-1207, Tel: +88-55007056, Fax: +88-55007069, E-Mail: dg@bbs.gov.bd, Website: www.bbs.gov.bd